



পশ্চিমবঙ্গ সরকার

জেলা শাসকের কার্যালয়, বীরভূম  
সংখ্যালঘু বিভাগ, সংখ্যালঘু ভবন, সিউড়ী

ই-মেল আইডি: mame.birbhum@gmail.com

আগ্রহপত্র নোটিশ ক্রমসং: ৪৭৭/MA&ME/BIR

তারিখ- ১৫.০৪.২৩

আগ্রহপত্রের বিজ্ঞপ্তি

কেবলমাত্র নওপাড়া গ্রামের আগ্রহী স্বনির্ভর দলগুলির কাছ হতে নওপাড়া আহমেদিয়া উচ্চ মাদ্রাসার সংখ্যালঘু হোস্টেলের জন্য মেট্রন, রাঁধুনি, রাঁধুনির সহকারী, নৈশপ্রহরী এবং কর্মবন্ধু নিয়োগের জন্য বন্ধ খামে আগ্রহ পত্রের আহ্বান করা হচ্ছে।

স্বনির্ভর দলগুলির যোগ্যতা :-

১. সরকারী নথিভুক্ত হতে হবে।
২. কমপক্ষে তিন বছরের পুরনো হতে হবে।
৩. কেবলমাত্র নওপাড়া গ্রামের দল হতে হবে। এই গ্রামের বাইরে অন্য কোন দল আবেদন করতে পারবে না।
৪. সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে।

প্রধান কর্তব্য :- নওপাড়া আহমেদিয়া উচ্চ মাদ্রাসার হোস্টেলের জন্য মেট্রন, রাঁধুনি, রাঁধুনির সহকারী, নৈশপ্রহরী এবং কর্মবন্ধু দিতে হবে।

শর্তাবলী:-

১. ১৭.০৮.২০২৩ থেকে ৩১.০৮.২০২৩ তারিখের মধ্যে খয়রাসোল সমষ্টি উন্নয়ন আধিকারিকের, দপ্তরে দলের প্যাডে বন্ধ খামে দরখাস্ত জমা দিতে হবে।
২. রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ভোটার কার্ড/আধার কার্ড, প্যান কার্ড এবং ব্যাঙ্কের নাম ও IFSC, কাজের অভিজ্ঞতা ইত্যাদির প্রতিলিপি পাঠাতে হবে।
৩. নির্দিষ্ট দিন পরে প্রাপ্ত এবং অসম্পূর্ণ আগ্রহপত্র গৃহীত হবেনা।
৪. দলকে প্রতিমাসে কাজের জন্য ১৮৫০০ টাকা দেওয়া হবে (মেট্রন-৮০০০/- টাকা, রাঁধুনি-৩০০০/- টাকা, রাঁধুনির সহকারী-২৫০০/- টাকা, নৈশপ্রহরী-৩০০০/- টাকা, এবং কর্মবন্ধু- ২০০০/- টাকা)
৫. খামের উপর “নওপাড়া আহমেদিয়া উচ্চ মাদ্রাসার হোস্টেলের জন্য স্বনির্ভর দল নিয়োগের আবেদন পত্র” লিখতে হবে
৬. কোনো কারণ না জানিয়ে কোন একটি বা সমস্ত আগ্রহপত্র গ্রহন বা বাতিলের অধিকার কেবল মাত্র নিম্ন-সাক্ষরকারীর।
৭. পরিষেবা প্রদানের ক্ষেত্রে উপরিউক্ত শর্ত গুলির সঙ্গে আপস করা হবেনা।
৮. চুক্তি ভিত্তিক এক বছরের জন্য স্বনির্ভর দল নিয়োগ করা হবে। কাজের সন্তুষ্টির উপর পুনর্নির্বাচন হতে পারে।

১৫/৪  
মহকুমা শাসক,  
সিউড়ী সদর, বীরভূম  
এবং  
সভাপতি, নিয়োগ কমিটি

স্মারকনং:- ৪৭৭(১০)/বীরভূম

তারিখ: ১৫.০৪.২৩ /

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন এবং অবগতিরজন্য প্রতিলিপি প্রেরিতহল:-

১. প্রকল্প অধিকারিক ডি.আর.ডি.সি- নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল ।
২. নেজারত উপ সমাহর্তা- নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল ।
৩. সমষ্টি উন্নয়ন আধিকারিক, খয়রাসোল- নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল । আগ্রহপত্রগুলি জমা নেবার জন্য একটি ড্রপবক্সের ব্যবস্থা যথাযথ স্থানে করতে হবে ।
৪. জেলা তথ্যবিজ্ঞান আধিকারিক--জেলা ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল ।
৫. জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, বীরভূম--সংক্ষিপ্ত নোটিস একটি জেলা সংবাদ পত্রে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল ।
৬. ভারপ্রাপ্ত প্রধানশিক্ষক, নওপাড়া আহমেডিয়া উচ্চ মাদ্রাসা- নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ করা হল ।
- ৭-৮. আপ্তসহায়ক জেলা শাসক/ অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন), বীরভূম ।
- ৯-১০. অফিস নোটিস বোর্ড, মহকুমা শাসক/ জেলা আধিকারিক সংখ্যালঘু বিভাগ

১৭/৪  
মহকুমা শাসক,  
সিউডী সদর, বীরভূম  
এবং  
সভাপতি, নিয়োগ কমিটি

## আবেদনপত্র

প্রতি,

মহকুমা শাসক,  
সিউডী, বীরভূম

১. স্বনির্ভর দলের নাম :
২. NRLM SHG CODE :
৩. স্বনির্ভর দলের নাম :
৪. ঠিকানা :
৫. দল গঠনের তারিখ :
৬. দলনেত্রী নাম :
৭. ফোন নাম্বার :
৮. সদস্যের সর্বোচ্চ যোগ্যতা :
৯. ব্যাঙ্ক পাসবই এর বিগত তিন মাসের প্রতি লিপি :
১০. পূর্ববর্তী তিনটি সভার রেজুলেশনের অনুলিপি :

স্থান :

তারিখ :

দলনেত্রীর স্বাক্ষর